

(প্রেস বিজ্ঞপ্তি)

০১ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

চসিক ভ্রাম্যমান আদালত বিভিন্ন অপরাধে ৫ ব্যক্তিকে ৫০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে হালিশহর বড়পোল ও বড়পোল থেকে পোর্ট কলোনী পর্যন্ত রোডের উভয় পার্শ্বের ফুটপাথ নালা ও রাস্তার অংশ দখল করে দোকানের অংশ বর্ধিত করা, দোকানের মালামাল ও নির্মাণ সামগ্রী রেখে পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে প্রায় ৫০টি অবৈধ দোকানের অংশ, স্ল্যাব, সাইন বোর্ড ও বিলবোর্ড উচ্ছেদ করা হয়। এবং রাস্তায় দোকানের মালামাল, নির্মাণ সামগ্রী ও বাঁশ রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির অপরাধে ৫ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩